

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-৩ অধিশাখা
www.mofl.gov.bd



নম্বর- ৩৩.০০.০০০০.১১৯.১৩.০২১.১৪-৪০৬

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৯
০৮ ডিসেম্বর ২০২২

প্রাপকঃ ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, সিলেট বিভাগ, সিলেট।

বিষয়ঃ ডাঃ মোঃ ফরিদ উদ্দিন আহমেদ (গ্রেডেশন নং-৫৭৭), অবসরপ্রাপ্ত সহকারী পরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, সিলেট-এর অনুকূলে সংশোধিত হারে অবশিষ্ট পেনশন ও আনুতোষিক মঞ্জুরি।

- সূত্রঃ ১. প্রাণিসম্পদ অধিদপ্তরের স্মারক নং-৩৩.০১.০০০০.১০১.১৩.০৯৪.১৭-২৩৭৭, তারিখ: ২০/১০/২০২২ খ্রিঃ।
২. এ মন্ত্রণালয়ের প্রাণিসম্পদ-১ অধিশাখার স্মারক নং- ৩৩.০০.০০০০.১১৭.১২.০০৫.২০২০-৪৫০, তারিখ: ০৩/১১/২০২১ খ্রিঃ।
৩. এ মন্ত্রণালয়ের প্রাণিসম্পদ-১ অধিশাখার স্মারক নং-৩৩.০০.০০০০.১১৭.১২.০০১.১৫(অংশ-১)-৩১৮, তারিখ: ৩১/০৮/২০২০ খ্রিঃ।
৪. এ মন্ত্রণালয়ের স্মারক নং-৩৩.০০.০০০০.১১৭.১৩.০২১.১৪-২৫৯, তারিখ: ২৭/০৩/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডাঃ মোঃ ফরিদ উদ্দিন আহমেদ (গ্রেডেশন নং-৫৭৭), অবসরপ্রাপ্ত সহকারী পরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, সিলেট গত ২৯/০৬/২০১৪ তারিখে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করায় তাঁর অনুকূলে আনুতোষিক ৩৪,৭৩,০০০/- (চৌত্রিশ লক্ষ তিয়াত্তর হাজার) টাকা এবং মাসিক অবসর ভাতা ১৫,১০০/- (পনের হাজার একশত) টাকা সূত্রস্থ ৪ নং স্মারকমূলে মঞ্জুর করা হয় এবং তিনি যথারীতি তা উত্তোলন করেছেন। তিনি সূত্রস্থ ২ ও ৩ নং স্মারকমূলে ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড ও ৪র্থ গ্রেডে টাইমস্কেল প্রাপ্ত হওয়ায় সংশোধিত ইএলপিসি অনুযায়ী তাঁর মূল বেতন (৩৩,৭৫০ + মহার্ঘ ভাতা ৬,০০০) = ৩৯,৭৫০/- (উনচল্লিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা নির্ধারিত হয়। তিনি আনুতোষিক বাবদ ৩৬,৫৭,০০০/- (ছত্রিশ লক্ষ সাতান্ন হাজার) টাকা প্রাপ্য হবেন। ইতঃপূর্বে তাঁর মঞ্জুরকৃত ও উত্তোলিত ৩৪,৭৩,০০০/- (চৌত্রিশ লক্ষ তিয়াত্তর হাজার) টাকার অতিরিক্ত আনুতোষিক বাবদ প্রাপ্য (৩৬,৫৭,০০০ - ৩৪,৭৩,০০০) = ১,৮৪,০০০/- (এক লক্ষ চুরাশি হাজার) টাকা এবং মাসিক পূর্ণ পেনশন ১৫,৯০০/- (পনের হাজার নয়শত) টাকা হারে নির্দেশক্রমে মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

২। বর্ণিত কর্মকর্তার সংশোধিত হারে পেনশন ও আনুতোষিকের কাগজপত্রাদি পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে সংযুক্তপূর্বক প্রেরণ করা হলো।

ক্রঃ নং	বিবরণ	সংখ্যা
১.	পূরণকৃত পেনশন ফরম (মূলকপি)	১ কপি
২.	চাকরির বিবরণী (সংশোধিত)	৫ পাতা
৩.	অবসর ভাতার মঞ্জুরিপত্র	১ পাতা
৪.	প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি)	২ পাতা
৫.	পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি	১ কপি
৬.	জাতীয় পরিচয়পত্রের কপি	১ পাতা
৭.	প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকার ঘোষণাপত্র (মূলকপি)	১ পাতা
৮.	নমুনা স্বাক্ষর ও পাঁচ আঙ্গুলের ছাপ (মূলকপি)	১ পাতা
৯.	টোকেন লিস্ট বাই এনআইডি	১ পাতা
১০.	আনুগত্য সনদপত্র ও অজ্ঞীকারনামা	২ পাতা
১১.	চাকরি বৃত্তান্ত সংক্রান্ত অন্যান্য কাগজপত্রাদি	২৪ পাতা

সংযুক্তিঃ বর্ণনা অনুযায়ী ৪০ (চল্লিশ) ফর্দ।

স্বঃ,
(গোলাম মঈনউদ্দিন হাসান)
উপসচিব
ফোন: ৯৫৬১১১৭
E-mail: livestock-3@mofl.gov.bd


অপর পৃষ্ঠায় দৃষ্টব্য-

নম্বর-৩৩.০০.০০০০.১১৯.১৩.০২১.১৪-৪০৬/১(৮)

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৯
০৮ ডিসেম্বর ২০২২

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
২. ডাঃ মোঃ ফরিদ উদ্দিন আহমেদ (প্রোডেশন নং-৫৭৭), অবসরপ্রাপ্ত সহকারী পরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, সিলেট;
বর্তমান ঠিকানা- ফুলবাড়িয়া, কঁচাবাজার রিসোর্স, রেইন গোল্ড এ্যাপার্টমেন্ট, ৩৫/১ উত্তরা সেক্টর নং-১০, তৃতীয় তলা, রোড নং-১, হরিরামপুর, নিশাত নগর, থানা-তুরাগ, জেলা-ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(গোলাম মাইনউদ্দিন হাসাম)
উপসচিব